



জাবিতে ভিসির পদত্যাগ দাবিতে অবরোধ ও পরিবহন ধর্মঘট

প্রকাশিত: ০৩ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

- বিরোধীপক্ষের মানববন্ধন

জাবি সংবাদদাতা || জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) উপাচার্যের পদত্যাগ দাবিতে বুধবার অবরোধ ও পরিবহন ধর্মঘট পালিত হয়েছে। এদিকে উপাচার্য অনুগত শিক্ষকরা চলমান আন্দোলনের বিরোধিতা করে মানববন্ধন কর্মসূচী পালন করেছে। উপাচার্যের বিরুদ্ধে ছাত্রলীগ নেতাদের বড় অক্ষের টাকা দেওয়ার বিষয়ে তদন্তসহ তিন দফা দাবিতে সাধারণ শিক্ষক শিক্ষার্থীরা 'দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে আন্দোলন করে আসছে গত ১ মাসেরও বেশি সময় ধরে। উপাচার্যকে দেয়া নির্দিষ্ট সময়ের মধ্যে পদত্যাগ না করায় আন্দোলনকারীরা ২ ও ৩ অক্টোবর সর্বাত্মক ধর্মঘটের ডাক দেন। ২ অক্টোবর এ কর্মসূচীর অংশ হিসেবে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের পরিবহন চতুরে শিক্ষক বাস আটকে দেন এবং পুরনো রেজিস্টার ভবন থেকে বিক্ষেপ মিছিল করেন। এছাড়া সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সর্বাত্মক ধর্মঘট পালন করা হয়। এ বিষয়ে আন্দোলনরত শিক্ষার্থী শোভন রহমান জানান, 'উপাচার্য যদি তাকে দেওয়া আল্টিমেটামের মধ্যেই পদত্যাগ করতেন তাহলে এ ধর্মঘটের প্রয়োজন হতো না। এরপরেও যদি তিনি পদত্যাগ না করেন তবে আরও কঠোর কর্মসূচী দেয়া হবে।' এদিকে মঙ্গলবার দুপুর দেড়টায় এক সংবাদ সম্মেলনে উপাচার্য ড. ফারজানা ইসলাম বলেন, 'আমার বিরুদ্ধে ওঠা অভিযোগের বিচার বিভাগীয় তদন্তের যে দায়দায়িত্ব আমাকে আন্দোলনকারীরা দিয়েছে, সেটি অযৌক্তিক।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিস্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ একাডেমিক কেন্দ্র, জিপিও বাস্তু: ৩০৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

